শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ACADEMIC SECTION
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

Phone: 091-67401-6/2124, Fax: 880-91-66846, E-mail: aca@bau.edu.bd, Website: www. bau.edu.bd

নং-শা-১/ভ-০১/২০২৬/৪২৬/শিক্ষা

তারিখ: ২২-০৪-২০২৬

# সংশোধনী বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (লেভেল-১, সিমেস্টার-১) শ্রেণীতে ভর্তির সুযোগ পাওয়া ছাত্র-ছাত্রীদেরকে -

১. আগামী **১৮ থেকে ২৫ এপ্রিল ২০২৬** তারিখের মধ্যে বাকৃবি ওয়েবসাইটে নিম্নের লিঙ্কে ক্লিক করার পর PIN এবং Roll দিয়ে Login করে প্রয়োজনীয় তথ্য প্রদান এবং স্বাক্ষর ও পাসপোর্ট সাইজের ছবি (JPG Format) আপলোড করতে হবে। আপলোড শেষ হলে স্বয়ংক্রিয়ভাবে (1) Admission form, (2) Registration form, (3) Medical form, (4) Certificate Checklist এবং (5) Pay slip তৈরী হবে যা ডাউনলোড করে A4 সাইজের অফসেট পেপারে প্রিন্ট করতে হবে এবং ভর্তির দিন জমা দিতে হবে।

Login করার লিঙ্ক: https://bau.edu.bd/ug_admission

২. আগামী **২৬, ২৭, ২৮ ও ২৯ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে যে কোন দিন** সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টার মধ্যে নিম্নবর্ণিত স্থান সমূহে শুরু থেকে শেষ পর্যন্ত পর্যায়ক্রমে সশরিরে উপস্থিত থেকে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে :

| ছাত্র-ছাত্রীদের রিপোর্টের স্থান | অফিস এবং কার্যক্রম |
|---|---|
| প্রশাসন ভবন সংলগ্ন আমতলা | **বাঁধন:** ব্লাড গ্রুপিং করে রিপোর্ট প্রদান। |
| হেল্থ কেয়ার সেন্টার | স্বাস্থ্য পরীক্ষা করে মেডিক্যাল ফরমে স্বাক্ষর প্রদান। |
| বাউরেস সভা কক্ষ,<br>সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হল | **ভেটেরিনারি অনুষদীয় অফিস:** ডিন, ভেটেরিনারি অনুষদ মহোদয় ভেটেরিনারি অনুষদের ছাত্র-ছাত্রীদের মূল কাগজপত্র যাচাই করে ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন।<br>**পশু পালন অনুষদীয় অফিস:** ডিন, পশু পালন অনুষদ মহোদয় পশু পালন অনুষদের ছাত্র-ছাত্রীদের মূল কাগজপত্র যাচাই করে ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন।<br>**বিএসসি ইন ভেটেরিনারি সায়েন্স এন্ড এনিম্যাল হাজবেন্ড্রী** : বিএসসি ইন ভেটেরিনারি সায়েন্স এন্ড এনিম্যাল হাজবেন্ড্রী ডিগ্রীর ক্ষেত্রে মূল কাগজপত্র যাচাই করে ভর্তি ফরমে ভেটেরিনারি এবং পশু পালন উভয় অনুষদের ডিন মহোদয় স্বাক্ষর প্রদান করবেন। |
| সংশ্লিষ্ট ডিন এবং ইনস্টিটিউট অফিস | **কৃষি, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান, কৃষি প্রকৌশল ও কারিগরি ও মাৎস্যবিজ্ঞান অনুষদীয় অফিস এবং আইআইএফএস অফিস:** সংশ্লিষ্ট অনুষদের ডিন মহোদয়গণ এবং পরিচালক, আইআইএফএস মহোদয় মূল কাগজপত্র যাচাই করে ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| **ছাত্রদের জন্য:**<br>কৃষি অনুষদ কনফারেন্স হল, কৃষি অনুষদীয় ডিন অফিস (নিচ তলা) | **প্রক্টর অফিস:** লটারির মাধ্যমে ছাত্রদের হল বন্টন করে প্রক্টর/সহকারী প্রক্টর মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন।<br>**ছাত্র হলগুলোর হল অফিস:** ছাত্রদের হলে ভর্তি করে প্রভোস্ট মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| **ছাত্রীদের জন্য:**<br>এগ্রোনমি গ্যালারী, কৃষি অনুষদ পশ্চিম ভবন (নিচ তলা) | **প্রক্টর অফিস:** লটারির মাধ্যমে ছাত্রীদের হল বন্টন করে প্রক্টর/সহকারী প্রক্টর মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন।<br>**ছাত্রী হলগুলোর হল অফিস:** ছাত্রীদের হলে ভর্তি করে প্রভোস্ট মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হল | **শিক্ষা বিষয়ক শাখা:** শিক্ষা বিষয়ক শাখা মূল কাগজপত্র গ্রহণের পর রেজিস্ট্রার মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হল | **কোষাধ্যক্ষ কার্যালয়:** পে-স্লিপ গ্রহণ করে অর্ধেক অংশ ছাত্র-ছাত্রীকে ফেরত দিবেন। |
| সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হল | **পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্তর শাখা:** ছাত্র-ছাত্রীদেরকে একাউন্ট খোলার ফরম প্রদান করবেন এবং তা সংগ্রহ করে সঞ্চয়ী হিসাব খোলার ব্যবস্থা করবেন। |

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষা বিষয়ক শাখা ময়মনসিংহ

CamScanner

৩. ভর্তির সময় প্রার্থীদেরকে -

(ক) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সাথে আনতে হবে।

(খ) ভর্তি ফর্মে ডীন, প্রক্টর, প্রভোস্ট মহোদয়ের স্বাক্ষর নিতে হবে। সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হলে স্থাপিত অনুষদ ভিত্তিক নির্ধারিত বুথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিয়ে ভর্তি ফরমে রেজিস্ট্রার মহোদয়ের স্বাক্ষর গ্রহণ করতে হবে :

i. ভর্তি ফরম, রেজিস্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম, সার্টিফিকেট চেক লিষ্ট (২ কপি)।
ii. এসএসসি-র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র।
iii. এইচএসসি-র এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র।
iv. এক কপি পাসপোর্ট সাইজের ফটো।

(গ) সংরক্ষিত আসনের জন্য (উপরোল্লেখিত কাগজপত্র ছাড়াও) -

i. মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদেরকে পিতা-মাতার অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
ii. উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি কোটার প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে।
iii. প্রতিবন্ধী কোটার প্রার্থীদের প্রতিবন্ধী সংক্রান্ত প্রমানপত্রের ফটোকপি জমা দিতে হবে।

৪. **পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্বর শাখায় সঞ্চয়ী হিসাব খোলার জন্য প্রয়োজন হবে :**

i. প্রার্থীর ২ (দুই) কপি এবং নমিনির ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ফটো।
ii. ৫০০/- (পাঁচ শত) টাকা নগদ।
iii. প্রার্থীর এবং নমিনির NID এর ফটোকপি। প্রার্থীর NID না থাকলে SSC এর Registration Card এবং Birth Certificate এর ফটোকপি।

❖ <u>সাধারণ নির্দেশনা ঃ</u>

➢ ফরম ও স্বাক্ষর কার্ডে সর্বত্র একই স্বাক্ষর প্রদান করতে হবে (পেন্সিলে টিক চিহ্ন দেয়া থাকবে)।
➢ পেন্সিলে কেটে দেয়া পৃষ্ঠা পূরণ করতে হবে না কিন্তু টিক চিহ্নিত জায়গায় স্বাক্ষর দিতে হবে।
➢ বর্তমান ঠিকানায় ভর্তিকৃত অনুষদের নাম লিখতে হবে।

সঠিকভাবে নিজের মোবাইল নম্বর এবং ই-মেইল এড্রেস লিখতে হবে। অন্য কারওটা ব্যবহার করা যাবে না।

৫. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি ও আনুষাঙ্গিক ফি ৬,২১৪.০০ (**ছয় হাজার দুইশত চৌদ্দ**) টাকা। অনলাইনে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করায় প্রার্থীদেরকে ভর্তির জন্য নগদ কোন অর্থ প্রদান করতে হবে না। **অনলাইনে প্রদানকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকা থেকে উক্ত ৬,২১৪.০০ (ছয় হাজার দুইশত চৌদ্দ) টাকা কর্তন করে অতিরিক্ত টাকা পরবর্তীতে ছাত্র-ছাত্রীদের পূবালী ব্যাংক এর একাউন্টে ফেরত প্রদান করা হবে। ফি গুলো নিম্নরূপ :**

➢ ভর্তি ফি ঃ ৫,১০৪.০০ টাকা (লেভেল-১, সিমেস্টার-১ এর সিমেস্টার ফি ১২০০/- সহ),
➢ স্বাস্থ্য পরীক্ষা ফি ঃ ১৩০.০০ টাকা,
➢ রেজিস্ট্রেশন ফি ঃ ১০০.০০ টাকা,
➢ হল সংক্রান্ত ফি ঃ ৮৮০.০০ টাকা।

৬. ওরিয়েন্টেশন এবং ক্লাশ শুরুর তারিখ পরবর্তিতে বাকৃবি ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৭. **ভর্তি বাতিল সংক্রান্ত তথ্য ঃ**

i. প্রদানকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র/মুক্তিযোদ্ধার সনদপত্র/প্রত্যয়নপত্র ভুল প্রমানিত হলে ভর্তি বাতিল হবে।
ii. ক্লাশ শুরুর প্রথম ১৫ দিন ক্লাশ না করলে এবং ৬০% ক্লাস উপস্থিতিসহ সকল কোর্সে ক্লাস টেস্ট পরীক্ষায় অংশগ্রহণ না করলে ভর্তি বাতিল হবে।
iii. ভর্তি বাতিল হলে বা করলে ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।

বিগত ১৬-০৪-২০২৬ তারিখের নং-শা-১/ভ-০১/২০২৬/৪০৪/শিক্ষামূলে পেরিত বিজ্ঞপ্তিটি আংশিক সংশোধন করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বা/-
রেজিস্ট্রার

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষা শাখা ময়মনসিংহ

মেমো নং-শা-১/ভ-০১/২০২৬/৪২৬/শিক্ষা তারিখঃ ২২-০৪-২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১. আহবায়ক, ভর্তি পরীক্ষা কমিটি।
২. সকল অনুষদীয় ডিন।
৩. কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি।
৪. ছাত্র বিষয়ক উপদেষ্টা।
৫. পরিচালক, বাউরেস। ভর্তির দিনগুলোতে সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হল ব্যবহারের অনুমতি প্রদানের অনুরোধসহ।
৬. পরিচালক, ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস)।
৭. কোষাধ্যক্ষ। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ডাউনলোডকৃত মানি রিসিট গ্রহণ এবং অর্ধেক অংশ ছাত্র-ছাত্রীকে ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৮. সকল হলের প্রভোস্ট। ভর্তির দিগুলোতে কৃষি অনুষদ কনফারেন্স হল, কৃষি অনুষদীয় ডিন অফিস (নিচ তলা) এবং এগ্রোনমি গ্যালারী, কৃষি অনুষদ পশ্চিম ভবন (নিচ তলা) এ উপস্থিত থেকে হলের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার অনুরোধসহ।
৯. প্রক্টর। ছাত্র বিষয়ক উপদেষ্টা মহোদয়ের পরামর্শ মোতাবেক লটারির মাধ্যমে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হল বন্টন এবং আইন শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১০. গ্রন্থাগারিক। ভর্তির কাজে ব্যবহারের জন্য গ্রন্থাগার থেকে প্রয়োজনীয় সংখ্যক টেবিল ও চেয়ার সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ। এস্টেট অফিসার টেবিল ও চেয়ার গ্রহণ এবং যথাসময়ে তা ফেরৎ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
১১. পরিচালক, আইসিটি সেল। বাকৃবি ওয়েবসাইটে প্রচার এবং ছাত্র-ছাত্রীদের নিকট থেকে তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১২. চীফ মেডিকেল অফিসার। ডাক্তার এবং প্রয়োজনীয় ষ্টাফসহ হেল্থ কেয়ার সেন্টারে অবস্থান করতঃ স্বাস্থ্য পরীক্ষার কার্য সম্পন্ন করার অনুরোধসহ।
১৩. এডিশনাল চীফ ইঞ্জিনিয়ার। ভর্তির দিনগুলোতে সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৪. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা।
১৫. প্রধান নিরাপত্তা কর্মকর্তা। আইন শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৬. এস্টেট অফিসার। ভর্তির দিনগুলোতে গ্রন্থগার থেকে টেবিল ও চেয়ার সংগ্রহ করে সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হলে স্থাপন, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নাম ফলকসহ বসার ব্যবস্থা গ্রহণ, কাজ শেষে সেগুলো যথাস্থানে ফেরৎ প্রদান এবং কৃষি অনুষদ কনফারেন্স হল, কৃষি অনুষদীয় ডিন অফিস (নিচ তলা) ও এগ্রোনমি গ্যালারী, কৃষি অনুষদ পশ্চিম ভবন (নিচ তলা) এ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নাম ফলকসহ বসার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৭. ম্যানেজার, পূবালী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় চত্তর শাখা, ময়মনসিংহ। ভর্তির দিনগুলোতে সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হলে অস্থায়ী বুধ স্থাপন করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ী হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৮. সভাপতি, বাঁধন, বাকৃবি জোনাল পরিষদ। ভর্তির দিলগুলোতে প্রশাসন ভবন সংলগ্ন আমতলায় 'বাঁধন' এর অস্থায়ী বুথ স্থাপন করতঃ ছাত্র-ছাত্রীদের ব্লাড গ্রুপিং করে রিপোর্ট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৯. ওএসডি, ভিসি সচিবালয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
২০. ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখা-১। রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

22.08.2026

এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষা বিষয়ক শাখা ময়মনসিংহ